# কাউন্সিল অফ মাইনোরিটিজ

## কার্য প্রতিবেদন

## জানুয়ারি ২০১৭ - ডিসেম্বর ২০১৭

COM
COUNCIL OF MINORITIES

বাড়ি নং ১৮/৮, ব্লক-এফ, টিক্কাপাড়া, রিং রোড, মোহাম্মাদপুর, ঢাকা-১২০৭
মোবাইল নং : ০১৯১১-৪৭৯০৭৩
ই-মেইলঃ ***info@com-bd.org*** , ওয়েবঃ ***www.com-bd.org***

# কাউন্সিল অফ মাইনোরিটিজ

কাউন্সিল অফ মাইনোরিটিজ বাংলাদেশের বিভিনড়ব সংখ্যালঘু জনগোষ্ঠীর অধিকার প্রতিষ্ঠার লক্ষে কর্মরত একটি মানবাধিকার সংগঠন। এটি ২০১৩ সাল থেকে দেশের বিভিনড়ব জেলায় ছড়িয়ে থাকা ক্যাম্পে অবস্থিত উর্দূভাষী জনগোষ্ঠীর মেলিক মানবাধিকার সুরক্ষার কাজ করছে। সংগঠনটি আইনগত অধিকার প্রতিষ্ঠায় বিভিনড়ব স্থানের ক্যাম্পবাসীদের জন্মসনদ, মৃত্যুসনদ, পাসপোর্ট, জাতীয় পরিচয়পত্র, ট্রেড লাইসেন্স, কমিশনার সার্টিফিকেট, ব্যাংক একাউন্ট ও থানায় সাধাণ ডায়েরি ইত্যাদি বিষয়ে সেচতনতা সৃষ্টি ও সেবাসমূহ পেতে জনগোষ্ঠীকে সহায়তা করে আসছে।

এছাড়াও, প্রতি বছর সংখ্যালঘু শিক্ষার্থীদের মাঝে শীতবস্ত্র ও শিক্ষা উপকরণ বিতরণ করে আসছে। সংখ্যালঘু যুব সম্প্রদায়কে মূলধারার সাথে সম্পৃক্ত করার লক্ষে কাউন্সিল অফ মাইনোরিটিজ প্রতি বছর যুব সামিটেরও আয়োজন করে থাকে।

কাউন্সিল অফ মাইনোরিটিজ' একটি মানবাধিকার সংস্থা হিসেবে বাংলাদেশে সংখ্যালঘু ও স্বদেশীয় অধিকার প্রতিষ্ঠার একটি বিশেষ লক্ষ্য নিয়ে গঠিত হয়। বাংলাদেশে আধিবাসি সম্প্রদায়, ধর্মীয় সম্প্রদায়, জাতিগত ও ভাষাগত সংখ্যালঘু সহ মোট ২৫টি উপজাতি বাংলাদেশে থাকে এবং বাংলাদেশ জাতিগত রাষ্ট্র নয় । সংখ্যগরিষ্ঠতার দিক থেকে বাংলাদেশ একটি মুসলিম ও বাঙ্গালী জাতির দেশ, যেখানে অন্যান্য ধর্মীয় ও অবাঙ্গালীরা সর্বদা বাংলদেশে একটু চাপের মধ্যে থাকে।

সঠিক নীতি প্রণয়ন ও কর্মসূচি ব্যতীত বাংলাদেশে সংখ্যালঘু অধিকারগুলির সামগ্রিক বিকাশে কোনও ইতিবাচক পরিবর্তন নিশ্চিত করা সম্ভব নয়।

## ভিশন

বাংলাদেশের সংখ্যালঘু সম্প্রদায়ের মানবাধিকার, তাদের অর্থ নৈতিক উনড়বয়নের জন্য সাংস্‌ৃতিক ঐতিহ্য ও ভাষা সংরক্ষণ, শিক্ষা ও দক্ষতার বিকাশ শক্তিশালীকরণ এবং নারী ও আইনী ক্ষমতায়ন প্রচারের জন্য মানবাধিকার প্রবর্তন।

## মিশন

একটি শান্তিপূর্ণ, দারিদ্র্য এবং সহিংসতা মুক্ত বিশ্ব যেখানে বিশেষ করে সংখ্যালঘু, ক্ষমতাহীন ও প্রান্তিক, মর্যাদা ও আশা সহকারে বেঁচে থাকতে সমান সুযোগ পাবে।

# সম্পাদিত কার্যাবলি

১৭ জানুয়ারি, ২০১৭

প্রেস কনফারেনস অন সিটিজেনশিপ ড্রাফট বিল-২০১৭
**Press Conference on Citizenship Draft Bill-2017**

২১শে ফেব্রুয়ারি, ২০১৭

আর্ন্তজাতিক মাতৃভাষা দিবস উদযাপন

১৫ই অক্টোবর ২০১৭ হতে এপ্রিল ২০১৮ পর্যন্ত

সম্প্রিতি- সামাজিক সচেতনতামূলক সরাসরি রেডিও সম্প্রসারণ রেডিও ৭১(একাত্তর) ৯৮.৪ এফ.এম.

জুন ২০১৭ হতে মে ২০১৮ পর্যন্ত

নাগরিক উদ্যোগ ও কাউন্সিল অফ মাইনোরিটিজ-এর অংশীদারীত্ব

প্রকল্প: বাংলাদেশের ভাষাভিত্তিক সংখ্যালঘুদের ক্ষমতায়নের মাধ্যমে নাগরিক অধিকার প্রতিষ্ঠা করা।

০৪ই নভেম্বর, ২০১৭

মিরপুরের ক্যাম্প উচ্ছেদ সম্পর্কিত গোল টেবিল আলোচনা

## প্রেস কনফারেনস অন সিটিজেনশিপ ড্রাফট বিল-২০১৭

# Press Conference on Citizenship Draft Bill-2017

**১৭ জানুয়ারি, ২০১৭**

১৭ জানুয়ারি, ২০১৭ সালে ঢাকার প্রেস ক্লাবে "নাগরিকত্ব খসড়া বিল-২০১৬" নিয়ে একটি প্রেস কনফারেনস আয়োজন করা হয়। উক্ত প্রেস কনফারেনস "নাগরিকত্ব খসড়া বিল-২০১৬"-এর বিভিন্ন গুরুত্বপূর্ণ ক্ষেত্র চিহ্নিত করে সামাজিক স্থায়িত্ব এবং মৌলিক সাংবিধানিক নীতিগুলি, বিদ্যমান গার্হস্থ্য আইনসমূহ, শীর্ষ আদালত এবং আন্তর্জাতিক আইনী রায় দ্বারা রায় নিশ্চিত করার জন্য সংশোধন করা প্রয়োজন নিয়ে আলোচনা করা হয়।

প্রেস কনফারেনসের আলোচ্যবিষয় ছিলো-
নাগরিকত্ব খসড়া বিল ২০১৬ কে মন্ত্রিপরিষদের দ্বারা ১ ফেব্রুয়ারি, ২০১৬ এ অনুমোদিত হয়েছে। সংসদে পাস হলে বিলটি বিদ্যমান নাগরিকত্ব আইন ১৯৫১ এবং বাংলাদেশ নাগরিকত্ব অস্থায়ী বিধান আদেশ ১৯৭২ প্রতিস্থাপন করবে। ২৮ শে আগস্ট ২০১৬ সালে কাউন্সিল অফ মাইনোরিটিজ খসড়া নাগরিকত্ব বিলের সমালোচনামূলক প্রতিচ্ছবি নিয়ে একটি ওর্য়াকশপ আয়োজন করেছিল এবং খসড়া বিল -২০১৬ এর বিপরীতে কিছু সুপারিশ করা হয়েছিল। সংবাদ সম্মেলনের প্রেক্ষাপট ছিল খসড়া নাগরিকত্বের সমালোচনা প্রতিফলন এবং বিলের সুপারিশ।



## আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদযাপন
## ২১শে ফেব্রুয়ারি, ২০১৭

আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে কাউন্সিল অফ মাইনোরিটিজ-এর পক্ষ হতে একটি প্রতিনিধি দল একটি র‍্যালি প্রদর্শন করে। উক্ত র‍্যালিতে মোহাম্মদপুর ও মিরপুর থেকে আগত যুক-যুবতীরা অংশগ্রহণ করে। র‍্যালিতে শেষে শহীদ মিনারে ভাষা শহীদদের প্রতি পুষ্প অর্পণ করে শ্রদ্ধাঞ্জলী জ্ঞাপণ করেন।










## সম্প্রিতি- সামাজিক সচেতনতামূলক সরাসরি রেডিও সম্প্রসারণ (১৫ই অক্টোবর ২০১৭)

সম্প্রিতি-সামাজিক সচেতনতামূলক সরাসরি রেডিও সম্প্রসারণ প্রকল্পে কাউন্সিল অফ মাইনোরিটিজ ১৫ই অক্টোবর ২০১৭ সালে রেডিও ৭১(একাত্তর) ৯৮.৪ এফ.এম. এর সাথে একটি চুক্তি স্বাক্ষর করে এবং ১৫ই অক্টোবর থেকে প্রতি মাসে ২টি করে রেডিও প্রোগ্রাম সরাসরি সম্প্রসারণ করা শুরু করে।সম্প্রিতি রেডিও প্রকল্পের মাধ্যমে ৬ মাসে ১২টি পর্ব সম্পূর্ণ করা হবে।





### আলোচ্য বিষয়সমূহ-

- বাংলাদেশের প্যারালিগ্যাল কার্যক্রম
- নাগরিকত্ব ও জাতীয়তা
- নাগরিক খসড়া বিল ২০১৬
- জন্মসনদ্‌, জাতীয় পরিচয়পত্র, পাসপোর্ট, সংখ্যালঘু অধিকার, সংখ্যালঘু যুবক-যুবতীদের চিন্তাধারা, সংখ্যালঘু জনগোষ্ঠীর ভাষা ও সাহিত্য নারী অধিকার।

উক্ত পর্ব গুলোতে বিষয়ভিত্তিক আলোচ্যবৃন্দদেরকে আমন্ত্রণ করা হয় এবং তারা বিষয়ভিত্তিক আলোচনা যথাযথ ভাবে উপস্থাপন করেন।প্রকল্পের ৬ মাসের মধ্যে সম্প্রিতি অনুষ্ঠানের মাধ্যমে সমাজের কিছু গুরুত্বপূর্ণ বিষয় সম্পর্কে জনসাধারণের মধ্যে বিষয়ভিত্তিক সচেতনতা বৃদ্ধি করা হয়। প্রকল্পটি বাস্তবায়নে নামাতি আর্থিক ভাবে সহায়তা করে।





## ন্যাশনাল মাইনোরিটি ইউথ লিডারশিপ সাম্মিট-২০১৭

## National Minority Youth Leadership Summit-2017


গত ৪ মার্চ হতে ৬ মার্চ, ২০১৭ তারিখে কাউন্সিল অফ মাইনোরিটিজ-এর উদ্যোগে ৩ দিন ব্যাপি "ন্যাশমাল মাইনোরিটিজ ইউথ লিডারশিপ সাম্মিট-২০১৭" অনুষ্ঠীত হয়। সম্মেলনে সূচনা বক্তব্য রাখেন কাউন্সিল অফ মাইনোরিটিজ-এর সাধারন সম্পাদক ও প্রধান নির্বাহী খালিদ হোসেন। উক্ত সম্মেলনে মুসলিম, হিন্দু, চাকমা, র্মামা, দলিত, খ্রিস্টান, বৌদ্ধ, সাওঁতাল, উর্দুভাষী ও ট্রান্সজেন্ডার, বিভিন্ন সম্প্রদায় হতে যুবক-যুবতীরা অংশগ্রহণ করেন। সম্মেলনে অংশগ্রহণকারীদেরকে নিজেদের সম্প্রদায়ের মধ্যে যুব নেতৃত্ব উন্নয়ন, মানবাধিকার নাগরিক অধিকার সহ সংখ্যালঘু ও আদিবাসি অধিকার সহ বিভিন্ন বিষয়ে আলোচনা করা হয় ও উক্ত বিষয়সমূহ তারা কিভাবে নিজেদের সম্প্রদায়ের উন্নয়নের জন্যে কাজে লাগাতে পারে সে সম্পর্কে প্রশিক্ষণ প্রদান করা হয়।



**আলোচ্য বিষয়সমূহ:**

- নেতৃত্ব উন্নয়ন ।
- মানবাধিকার ও নাগরিক অধিকার সহ সংখ্যালঘু ও আদিবাসি অধিকার।
- কমিউনিটি ল্যান্ড রাইটস এবং কমিউনিটি নেতৃত্বাধীন গৃহায়ন উন্নয়ন অধিবেশন।
- ব্যবসায়ের সামাজিক উন্নয়ন।
- শিক্ষাগত ও ব্যক্তিগত উন্নয়ন।
- কমিউনিটি অ্যাক্টিভিজম।
- কমিউনিটি অ্যাক্টিভিজম উপর দলীয় উপস্থাপনা।





## নাগরিক উদ্যোগ ও কাউন্সিল অফ মাইনোরিটিজ-এর অংশীদারীত্ব প্রকল্প

**প্রকল্পের নাম**: বাংলাদেশের ভাষাভিত্তিক সংখ্যালঘুদের ক্ষমতায়নের মাধ্যমে নাগরিক অধিকার প্রতিষ্ঠা করা।

**প্রকল্পের মেয়াদকাল**: জুন' ২০১৬ - মে' ২০১৭
ও জুন ২০১৭ হতে মে ২০১৮ চলমান

**কর্ম এলাকা**: ঢাকা (মোহাম্মদপুর ও মিরপুর), চট্টগ্রাম, ময়মনসিংহ, সৈয়দপুর, খুলনা

### প্রকল্পের লক্ষ্য

উর্দুভাষী জনগোষ্ঠীর মধ্যে নাগরিক অধিকার, সুনাগরিকের দায়িত্ব ও কর্তব্য, জাতীয় পরিচয়পত্রের উপকারিতা ও ব্যবহার সম্পর্কে সচেতনতা সৃষ্টি।

### উদ্দেশ্যসমূহ

**উদ্দেশ্য ১** : বাংলাদেশে বিভিন্ন ক্যাম্পে বসবাসকারী ভাষাগত সংখ্যালঘু জনগোষ্ঠীর যুবক-যুবতীর মধ্যে প্যারালিগ্যাল গঠনের মাধ্যমে সাধারণ জনগণকে নাগরিক অধিকার এবং সুনাগরিকের দায়িত্ব ও কর্তব্য সম্পর্কে অবহিত করা।

**উদ্দেশ্য ২** : প্যারালিগ্যাল কার্যক্রমের মাধ্যমে ভাষাগত সংখ্যালঘু জনগোষ্ঠীর মধ্যে জাতীয় পরিচয়পত্রের গুরুত্ব, উপকারিতা ও ব্যবহার সম্পর্কে সচেতন করা।

**সুবিধাভোগী**: বাংলাদেশের বিভিন্ন ক্যাম্পে বসবাসকারী উর্দুভাষী জনগোষ্ঠী

## প্রকল্পের কার্যবিবরণী

এই প্রকল্পে বিভিন্ন ক্যাম্পে বসবাসকারী ১৫ জন উর্দুভাষী যুবক-যুবতীদেরকে ৩ দিনের বেসিক প্যারালিগাল ট্রেনিং প্রদান করা হয় । উক্ত ট্রেনিং-এ মানবাধিকার ও সু-নাগরিকের দায়িত্ব কর্তব্য সম্পর্কে সচেতনতা সৃষ্টি করার জন্য প্যারালিগালদেরকে প্রশিক্ষণ দেওয়া হয় । এর সাথে সাথে সিভিল ডকুমেন্টস্ যথাক্রমে জন্ম সনদ, কমিশনার সার্টিফিকেট, পাসপোর্ট, ট্রেড লাইসেন্স ও জাতীয় পরিচয়পত্র সম্পর্কিত আইন বিষয়ক প্রশিক্ষণ দেওয়া হয় । এই প্রশিক্ষণের উদ্দেশ্য হল ক্যাম্পবাসীর মধ্যে উক্ত বিষয় সম্পর্কে সচেতনতা সৃষ্টি করা । এই প্রকল্পের মাধ্যমে ৫টি জেলা শহরে যথাক্রমে মোহাম্মদপুর, মিরপুর, খুলনা, ময়মনসিংহ, চট্রগ্রাম এবং সৈয়দপুরের ক্যাম্পগুলোতে ১৫ জন প্যারালিগাল কাজ করছেন ।

### মূল তথ্য এবং পরিসংখ্যান- জানুয়ারি ২০১৭ হতে ডিসেম্বর ২০১৭

### মোট সম্পাদিত কার্য - ৩,১৭৫ জনকে সেবা প্রদান

| | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ২,০৬৯ | ১৬৯ | ১৫১ | ৬৭ | ১১ | ২১ | ০২ | ৯৫ | ২৪২ | ৮৭ | ৫৭ | ৮৬ | ০৬ |
| জন্ম সনদ | কমিশনার সার্টিফিকেট | জাতীয় পরিচয়পত্র | পাসপোর্ট | ট্রেড লাইসেন্স | ব্যাংক হিসাব | মৃত্যু সনদ | সাধারণ ডায়েরী | সাস্থ্য সেবা | শিক্ষায় সহযোগিতা | বয়স্ক ভাতা | হলফ নামা | প্রতিবন্ধী ভাতা |

## জানুয়ারি ২০১৭ হতে মে ২০১৭ পর্যন্ত সম্পাদিত কার্যাবলি


| এলাকা | জন্ম সনদ | মৃত্যু সনদ | বয়স্ক ভাতা | কমিশনার সার্টিফিকেট | ব্যাংক হিসাব | স্বাস্থ্য সেবা | পানির সংযোগ | শিক্ষায় সহায়তা | ওয়ারিশ সার্টিফিকেট | বিদ্যুৎ সংযোগ | জি ডি | জাতীয় পরিচয় পত্র | | পাসপোর্ট | | ট্রেড লাইসেন্স | | মোট |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | | | | নতুন | সংশোধন | নতুন | সংশোধন | নতুন | সংশো-ধন | |
| চট্টগ্রাম | ২৩৯ | ০ | ০ | ০ | ০ | ১৫ | ০ | ২৩ | ০ | ১৪ | ০ | ০ | ৪ | ৯ | ৩ | ০ | ০ | ৩০৭ |
| খুলনা | ৫৬ | ০ | ০ | ০ | ০ | ২৭ | ৬ | ৩ | ০ | ২৭ | ০ | ০ | ০ | ৩ | ১ | ৪ | ০ | ১২৭ |
| মোহাম্মদপুর | ৪৭৪ | ০ | ২১ | ২ | ০ | ৫ | ১ | ১০ | ০ | ০ | ০ | ০ | ১ | ০ | ৫ | ০ | ১ | ৫২০ |
| মিরপুর | ২৫৭ | ০ | ১ | ০ | ১ | ৭ | ১ | ১০ | ০ | ১২ | ০ | ০ | ৪১ | ০ | ১১ | ২ | ০ | ৩৪৩ |
| ময়মনসিংহ | ৪৭ | ০ | ০ | ০ | ০ | ৩৪ | ০ | ০ | ০ | ৪ | ০ | ০ | ০ | ০ | ১৮ | ০ | ০ | ১০৩ |
| সৈয়দপুর | ১২৬ | ০ | ০ | ০ | ০ | ৯ | ৩ | ১ | ০ | ০ | ০ | ০ | ৩ | ০ | ১ | ১ | ০ | ১৪৫ |
| মোট | ১১৯৯ | ০ | ২৪ | ২ | ১ | ৯৭ | ১১ | ৪৭ | ০ | ৫৭ | ০ | ০ | ৪৯ | ১২ | ৩৯ | ৭ | ১ | ১৫৪৭ |

# জুন ২০১৭ হতে ডিসেম্বর ২০১৭ পর্যন্ত সম্পাদিত কার্যাবলি

| এলাকা | জন্ম সনদ | মৃত্যু সনদ | বয়স্ক ভাতা | প্রতি - বন্ধী ভাতা | হলফ নামা | কমিশনার সার্টিফিকেট | ব্যাংক হিসাব | স্বাস্থ্য সেবা | পানির সংযোগ | শিক্ষায় সহায়তা | ওয়ারিশ সার্টিফিকেট | বিদ্যুৎ সংযোগ | জিডি | জাতীয় পরিচয় পত্র | | পাসপোর্ট | | ট্রেড লাইসেন্স | | মোট |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | | | | | | নতুন | সংশোধন | নতুন | সংশোধন | নতুন | সংশোধন | |
| চট্টগ্রাম | ২৭৪ | ১ | ১ | ১ | ০ | ২৯ | ১ | ৩০ | ০ | ১৬ | ১ | ০ | ০ | ৮ | ১ | ১ | ০ | ০ | ০ | ৩৬৪ |
| খুলনা | ৭৩ | ১ | ০ | ০ | ১ | ৩৫ | ১০ | ১১ | ০ | ০ | ০ | ০ | ৩ | ০ | ০ | ৬ | ০ | ০ | ০ | ১৪০ |
| মোহাম্মদপুর | ১৫৮ | ০ | ৫৬ | ৫ | ০ | ১০ | ৩ | ৬০ | ০ | ৪ | ০ | ০ | ১১ | ২ | ৫ | ৩ | ০ | ০ | ০ | ৩১৭ |
| মিরপুর | ২১৮ | ০ | ০ | ০ | ০ | ৭ | ২ | ৪৩ | ০ | ১৬ | ০ | ০ | ৪৮ | ৪৯ | ১০ | ৩ | ১ | ১ | ০ | ৩৯৮ |
| ময়মনসিংহ | ৩৮ | ০ | ০ | ০ | ০ | ৮৩ | ০ | ১ | ০ | ৪ | ০ | ০ | ১ | ২৭ | ০ | ০ | ১ | ১ | ১ | ১৫৭ |
| সৈয়দপুর | ১০৯ | ০ | ০ | ০ | ৮৫ | ৩ | ৪ | ০ | ০ | ০ | ০ | ০ | ৩২ | ০ | ০ | ১ | ০ | ০ | ০ | ২৩৪ |
| মোট | ৮৭০ | ২ | ৫৭ | ৬ | ৮৬ | ১৬৭ | ২০ | ১৪৫ | ০ | ৪০ | ১ | ০ | ৯৫ | ৮৬ | ১৬ | ১৪ | ২ | ২ | ১ | ১৬১০ |







# দলীয় সভা

ঢাকার - (মোহাম্মদপুর ও মিরপুর),খুলনা, ময়মনসিংহ, চট্রগ্রাম এবং সৈয়দপুরের কর্ম এলাকায় উর্ক্ত বছরের মধ্যে মোট ২৪৭ টি দলীয় সভার আয়োজন করা হয়। উক্ত সভায় মোট ৩,১৬৬ জন ক্যাম্পবাসী অংশগ্রহণ করেন যার মধ্যে পুরুষ ১৮৮ জন, নারী ১,৩৯৫ জন, বালক ৫৬৯ জন ও বালিকা ১,০১৪ জন । সভায় নাগরিকের অধিকার ও সুনাগরিকের দায়িত্ব কর্তব্য সম্পর্কে বিশদ আলোচনা করা হয়, কমিশনার সার্টিফিকেট,জাতীয় পরিচয়পত্র, পাসপোর্ট, বাল্য বিবাহ।সাধারণ আইন যেমন: জিডি, দেওয়ানী মামলা, ফৌজদারী মামলা, পুলিশ কেইস,পিটিশন কেইস এবং জাতীয় পরিচয়পত্রের গুরুত্বও ইহার ব্যবহার সম্পর্কে ক্যাম্পবাসীদের অবহিত করা হয়।

## জানুয়ারি ২০১৭ হতে মে ২০১৭

| স্থান | সংখ্যা | উপকারভোগী | | | | |
|---|---|---|---|---|---|---|
| | | পুরুষ | নারী | বালক | বালিকা | মোট |
| মোহাম্মদপুর | ২৪ | ১৮ | ১০২ | ৬০ | ৬০ | ২৪০ |
| মিরপুর | ২৫ | ৩০ | ৮০ | ৬০ | ৮০ | ২৫০ |
| ময়মনসিংহ | ৮ | ২০ | ২০ | ২০ | ২০ | ৮০ |
| সৈয়দপুর | ১৬ | ২০ | ৭৪ | ৩০ | ৪০ | ১৬৪ |
| খুলনা | ৮ | ১০ | ২০ | ২০ | ৩০ | ৮০ |
| চট্টগ্রাম | ৩১ | ৫০ | ১২০ | ৬০ | ৮০ | ৩১০ |
| মোট | ১১২ | ১৪৮ | ৪১৬ | ২৫০ | ৩১০ | ১১২৪ |

## জুন ২০১৭ হতে ডিসেম্বর ২০১৭

| স্থান | সংখ্যা | উপকারভোগী | | | | |
|---|---|---|---|---|---|---|
| | | পুরুষ | নারী | বালক | বালিকা | মোট |
| মোহাম্মদপুর | ২৭ | ০ | ২১৩ | ৪২ | ১৬৫ | ৪২০ |
| মিরপুর | ৩৬ | ০ | ২৮৫ | ৩৫ | ২২০ | ৫৪০ |
| ময়মনসিংহ | ৯ | ৩০ | ৫৫ | ৩২ | ২০ | ১৩৭ |
| সৈয়দপুর | ১৮ | ০ | ১৩৫ | ৪৫ | ৯০ | ২৭০ |
| খুলনা | ৯ | ০ | ৬২ | ৩০ | ৪৩ | ১৩৫ |
| চট্টগ্রাম | ৩৬ | ১০ | ২২৯ | ১৩৫ | ১৬৬ | ৫৪০ |
| মোট | ১৩৫ | ৪০ | ৯৭৯ | ৩১৯ | ৭০৪ | ২০৪২ |

# দলীয় সভা









# লিগ্যাল ফোরাম

ঢাকার - (মোহাম্মদপুর ও মিরপুর),খুলনা, ময়মনসিংহ, চট্রগ্রাম এবং সৈয়দপুরের কর্ম এলাকায় উর্ক্ত বছরের মধ্যে মোট ৩৬ টি লিগ্যাল ফোরাম আয়োজন করা হয়। উক্ত ফোরামে মোট ১৪৪০ জন ক্যাম্পবাসী অংশগ্রহণ করেন যার মধ্যে পুরুষ ৬৩ জন, নারী ৮৫০ জন, বালক ১২২ জন ও বালিকা ৪০৫ জন । লিগ্যাল ফোরামে নাগরিকের অধিকার ও সুনাগরিকের দায়িত্ব কর্তব্য সম্পর্কে বিশদ আলোচনা করা হয়, কমিশনার সার্টিফিকেট,জাতীয় পরিচয়পত্র, পাসপোর্ট, বাল্য বিবাহ। সাধারণ আইন যেমনঃ জিডি, দেওয়ানী মামলা, ফৌজদারী মামলা, পুলিশ কেইস,পিটিশন কেইস এবং জাতীয় পরিচয়পত্রের গুরুত্বও ইহার ব্যবহার সম্পর্কে ক্যাম্পবাসীদের অবহিত করা হয়।

## জানুয়ারি ২০১৭ হতে ডিসেম্বর ২০১৭






| স্থান | সংখ্যা | উপকারভোগী | | | | |
|---|---|---|---|---|---|---|
| | | পুরুষ | নারী | বালক | বালিকা | মোট |
| মোহাম্মদপুর | ৬ | ৮ | ১৪৫ | ১৬ | ৭১ | ২৪০ |
| মিরপুর | ৬ | ১১ | ১১৯ | ২৫ | ৮৫ | ২৪০ |
| ময়মনসিংহ | ৬ | ১৪ | ১২০ | ২১ | ৮৫ | ২৪০ |
| সৈয়দপুর | ৬ | ১০ | ১৭২ | ১০ | ৪৮ | ২৪০ |
| খুলনা | ৬ | ৮ | ১৬৪ | ২৭ | ৪১ | ২৪০ |
| চট্টগ্রাম | ৬ | ১২ | ১৩০ | ২৩ | ৭৫ | ২৪০ |
| মোট | ৩৬ | ৬৩ | ৮৫০ | ১২২ | ৪০৫ | ১৪৪০ |

## মিরপুরের ক্যাম্প উচ্ছেদ সম্পর্কিত গোল টেবিল আলোচনা ( ০৪ই নভেম্বর. ২০১৭)

গত ৪ই নভেম্বর ২০১৭ তারিখে কাউন্সিল অফ মাইনোরিটিজ-এর কার্যালয়ে উর্দূভাষী বাংলাদেশীদের মিরপুরের ক্যাম্প উচ্ছেদ সম্পর্কে একটি গোল টেবিল আলোচনা করা হয়। উক্ত গোল টেবিল আলোচনায় সভাপতিত্ব করেন কাউন্সিল অফ মাইনোরিটিজ-এর মাননীয় সভাপতি জনাব জাকির হোসেন । অন্যান্য বক্তাদের মধ্যে উপস্থিত ছিলেন জাতিসংঘের আবাসিক সমন্বয়কারী র্কমর্কতা জনাব জাহিদ হোসেন, ব্লাস্ট-এর আইন ও গবেষণা বিভাগের র্কমর্কতা জনাব বরকত, ব্রাক বিশ্ববিদ্যালয়ের গবেষক জনাব আফতাব আলাম, নগর উন্নয়ন বিষয়ক গবেষক কাজী ফাত্তা। আরো উপস্থিত ছিলেন পিপলস্ ইউথ রিহাবিলিটিশন মুভমেন্ট- এর সভাপতি জনাব সাদাকাত খান ফাক্কু ও সাধারন সম্পাদক সাহিদ আলী বাবলু, উর্দূভাষী ছাত্র আন্দোলনের সদস্য ইমরান খান, মোহাম্মদপুর ও মিরপুর ক্যাম্পের যুবক-যুবতীরা এবং কাউন্সিল অফ মাইনোরিটিজ এর প্রধান নির্বাহী জনাব খালিদ হোসেন।





### আলোচ্য বিষয়সমূহ:

- সভায় উপস্থিত পিপলস্ ইউথ রিহ্যাবিলিটিশন মুভমেন্ট-এর সভাপতি সাদাকাত খান ফাক্কু মিরপুরের ক্যাম্প উচ্ছেদের বিষয় সর্ম্পকে বিষদ ভাবে আলোচনা করেন এবং তাদের পক্ষ থেকে ২টি রিট আবেদন করা হয়েছে সে সর্ম্পকে সকলকে অবহিত কেন। উক্ত গোল টেবিল আলোচনায় সুপারিশ করেন যে ক্যাম্পের উচ্ছেদকৃত বিষয়সমূহকে মানবাধিকার সংস্থার মাধ্যমে সমাধান করতে ও তাদের আইনি লড়াইয়ে আর্থিক ভাবে সাহায্য করার প্রার্থনা করেন ।
- এ বিষয়ে জনাব জাকির হোসেন সামাজিক প্রতিরোধ গড়ে তোলার পরার্মশ দেন। তিনি আরো বলেন এই আন্দোলনে অন্যান্য বসতিবাসিদের সাথে সর্ম্পক স্থাপণ করে একসাথে পরিচালন করতে হবে যাতে আপনাদের একমাত্র আবাসস্থল হতে আপনারা বঞ্চিত না হতে পারেন।
- জাতিসংঘের প্রতিনিধি জনাব জাহিদ হোসেন উর্দূভাষী নেতৃত্ববৃন্দদের আশ্বাস দেন যে তিনি এই বিষয়ে জাতিসংঘের প্রতিনিধিদের সাথে আলোচনা করবেন এবং প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন।

কাউন্সিল অফ মাইনোরিটিজ এর প্রধান নিবার্হী জনাব খালিদ হোসেন সভায় সবাইকে ধন্যবাদ জ্ঞাপণ করে সভার সমাপ্তি ঘোষনা করেন।

“We are extricating ourselves from a system that insulted our common humanity by dividing us from one another on the basis of race and setting us against each other as oppressed and oppressor. That system committed a crime against humanity.”

***-Nelson* Mandela**

COM

COUNCIL OF MINORITIES

বাড়ি নং ১৮/৮, ব্লক-এফ, টিক্কাপাড়া, রিং রোড, মোহাম্মাদপুর, ঢাকা-১২০৭
মোবাইল নং : ০১৯১১-৪৭৯০৭৩
ই-মেইলঃ ***info@com-bd.org*** , ওয়েবঃ ***www.com-bd.org***